


অনুমোদিত বেসরকারী মেডিকেল কলেজে এমবিবিএস কোর্সে ছাত্র-ছাত্রী ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি
শিক্ষা বর্ষ : ২০১৬-২০১৭

অনুমোদিত বেসরকারী মেডিকেল কলেজসমূহে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ছাত্র-ছাত্রী ভর্তির জন্যে সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষসমূহে 'বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল' কর্তৃক প্রণীত নীতিমালার আলোকে এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক এমবিবিএস কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ করতে পারবেন। বিজ্ঞপ্তি একাধিক বহুল প্রচারিত ২টি বাংলা ও ১টি ইংরেজি দৈনিক পত্রিকায় নোটিশ প্রকাশ করতে হবে। নিজস্ব Website এ বিজ্ঞপ্তিটি বাংলা ও ইংরেজী ভাষায় upload করতে হবে।

স্বাস্থ্য মন্ত্রণালয়ে গৃহীত সিদ্ধান্ত মোতাবেক এমবিবিএস কোর্সে ভর্তি পরীক্ষার লিখিত পরীক্ষায় ১০০ নম্বরের মধ্যে ন্যূনতম ৪০ নম্বর প্রাপ্ত ছাত্র-ছাত্রীরা ভর্তি হতে পারবে। এক্ষেত্রে লিখিত পরীক্ষায় ন্যূনতম ৪০ বা তদুর্ধ্ব প্রাপ্ত নম্বরধারীদের নম্বরের সাথে প্রাপ্ত জিপিএ যোগ করে ভর্তির জন্যে মেধা তালিকা প্রস্তুত করা হয়েছে। ভর্তির ক্ষেত্রে মুক্তিযোদ্ধাসহ অন্যান্য কোটার নীতিমালা অনুসরণ করতে হবে। অসচ্ছল ও মেধাবী কোটায় ভর্তির জন্যে ছাত্র-ছাত্রীরা স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক নির্ধারিত ফরমে (ফরম কলেজ কর্তৃপক্ষ স্বাস্থ্য অধিদপ্তর থেকে পাবেন) পছন্দের কলেজে আবেদন করবেন। ভর্তি কার্যক্রমের সিডিউল নিম্নরূপ।

ক্রম	বিবরণী	(সম্ভাব্য)সময়
০১	ভর্তি বিজ্ঞপ্তি প্রদান শুরু করা যাবে	১০-১১-২০১৬ হতে।
০২	আবেদন পত্র বিতরণ শুরু	১২-১১-২০১৬ হতে।
০৩	আবেদন পত্র জমা দেওয়ার শেষ তারিখ	২৬-১১-২০১৬ হতে।
০৪	প্রাপ্ত সকল আবেদনের কোটাভিত্তিক পূর্ণাঙ্গ তালিকা (Merit A - Z) প্রকাশ	২৮-১১-২০১৬ হতে।
০৫	ছাত্র-ছাত্রী ভর্তি প্রক্রিয়া শুরু	০১-১২-২০১৬ হতে।
০৬	ছাত্র-ছাত্রী ভর্তির প্রক্রিয়া শেষ তারিখ	৩১-১২-২০১৬।
০৭	ক্লাস শুরু	জানুয়ারী ১০, ২০১৭।

এতে মহাপরিচালক মহোদয়ের সদয় সম্মতি রয়েছে।

 ৩১.১০.১৬

অধ্যাপক ডাঃ মোঃ আব্দুর রশিদ
পরিচালক, চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ফোনঃ-৯৮৪৫৪০০, ফ্যাক্স-৯৮৮৬৬১২
Email: medicaledu313@gmail.com

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :-

১. মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব)
২. সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সচিব মহোদয়ের একান্ত সচিব)
৩. অতিরিক্ত সচিব (উন্নয়ন ও চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দৃষ্টি আকর্ষণ:- সহকারী পরিচালক, সমন্বয়)
৬. যুগ্ম-সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রচারের সার্বিক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।
৮. ডীন, ফ্যাকাল্টি অব মেডিসিন, (সকল বিশ্ববিদ্যালয়) ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট।
৯. রেজিস্ট্রার, বিএমডিসি, ২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী (পুরাতন ৮৬, বিজয় নগর), ঢাকা।
১০. অধ্যক্ষ, (সকল বেসরকারী মেডিকেল কলেজ)
১১.